**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়**
**রুপসা স্ট্র্যান্ড রোড, খামারবাড়ি, খুলনা।**
**www.ais.khulna.gov.bd**

| | |
|---|---|
| সভাপতি | : শারমিনা শামিম<br>আঞ্চলিক বেতার কৃষি অফিসার |
| সভার তারিখ | : ২৮ জুন, ২০২৬ খ্রিঃ |
| সভার সময় | : সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : আঞ্চলিক বেতার কৃষি অফিসার মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | : পরিশিষ্ট ক’ |

সভার শুরুতেই আঞ্চলিক বেতার কৃষি অফিসার মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রধান কার্যালয়ের সভার আলোকে আঞ্চলিক কার্যালয়ের কর্মপরিকল্পনা সকলের মতামতের ভিত্তিতে নির্ধারণ করেন। সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র/নং | আলোচ্য বিষয় সমূহ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | অফিসে উপস্থিতি ও অফিস পরিচ্ছন্নতা। | অফিসে নিয়মিতভাবে সঠিক সময়ে সকলকে উপস্থিত হওয়াসহ হাজিরা খাতায় স্বাক্ষর করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। যেহেতু অফিসে পরিচ্ছন্নতা কর্মী নাই, সেজন্য অফিস পরিচ্ছন্নতার স্বার্থে সকলকে প্রবেশদ্বারে রক্ষিত সু-র‍্যাকে জুতা রেখে স্যান্ডেল ব্যবহারের সিদ্ধান্ত হয়। | সকল কর্মচারীবৃন্দ |
| ০২. | অফিস ফাইল বন্টন | জনাব আব্দুর রহমান, এআইসিও ২৮ জুন/২০২৬ইং তারিখে চাকুরি থেকে অবসর যাওয়ার কারনে তার নির্ধারিত অফিস ফাইল এর দায়িত্ব প্রদান করা হয়। | মো: নেওয়াজ শরীফ, টিপি<br>মো: আসাদুজ্জামান, এআইসিও |
| ০৩. | কৃষি সংবাদ সংগ্রহ ও প্রেরণ (কৃষি তথ্য বার্তা) | কৃষি তথ্য বার্তা নিয়মিত সংবাদ প্রেরণসহ কৃষি মন্ত্রণালয়ধীন দপ্তর/সংস্থাসহ অন্যান্য সরকারী দপ্তরের নিউজ প্রতি মাসে কমপক্ষে ২টি করে প্রেরণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | এআইসিও এবং টিপি |
| ০৪. | মাসিক রিপোর্ট | অফিসের যাবতীয় রিপোর্ট সমূহ তৈরী ও প্রধান কার্যালয়ে প্রেরণ।<br>(এ বিষয়ে আঞ্চলিক বেতার কৃষি অফিসার সহযোগীতা করবেন) | মো. নাজিম উদ্দিন আল-আজাদ, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর। |
| ০৫. | ক্যামেরার ভিডিও এবং স্থির চিত্র ধারণ ও সংরক্ষণ। | কৃষি মন্ত্রণালয়সহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে বিভিন্ন অনুষ্ঠানের ভিডিও এবং স্থির চিত্র, দিবস ও বিষয়ভিত্তিক আলাদা ফোল্ডার তৈরী করে কম্পিউটারে সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মো: আরিফুল ইসলাম রনি লাইটিং এ্যাসিসটেন্ট |